

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৮. দু'আ সম্পর্কে

باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ شُعْبَةَ، عَنْ زِيَادِ بْنِ مِخْرَاقٍ، عَنْ أَبِي نُعَامَةَ، عَنِ ابْنِ لِسَعْدِ، أَنَّهُ قَالَ: سَمِعَنِي أَبِي، وَأَنَا أَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْجَنَّةَ وَنَعِيمَهَا وَيَهْجَتَهَا وَكَذَا وَكَذَا وَلَا الْجَنَّةَ وَنَعِيمَهَا وَيَهْجَتَهَا وَكَذَا وَكَذَا وَلَا الْجَنَّةَ وَنَعِيمَهَا وَيَهْجَتَهَا وَكَذَا وَكَذَا وَلَا الْجَنَّةَ وَنَعِيمَهَا وَيَهْجَتَهَا وَكَذَا وَكَذَا وَكَذَا فَقَالَ: يَا بُنَى الْإِنِي سَمِعْتُ وَكَذَا وَلَا اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " سَيكُونُ قَوْمٌ يَعْتَدُونَ فِي الدُّعَاءِ ". فَإِيَّاكَ أَنْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " سَيكُونُ قَوْمٌ يَعْتَدُونَ فِي الدُّعَاءِ ". فَإِيَّاكَ أَنْ تَكُونَ مِنْهُمْ إِنْ أُعْطِيتَ الْجَنَّةَ أُعْطِيتَهَا وَمَا فِيهَا مِنَ الْخَيْرِ، وَإِنْ أُعِذْتَ مِنَ النَّارِ أُعْفِيهَا مِنَ الْفَيْرِ، وَإِنْ أُعِذْتَ مِنَ النَّارِ أُعِذْتَ مِنَ النَّارِ أُعِذْتَ مِنَ النَّارِ أُعِيهَا مِنَ الشَّرِ .

_ حسن صحیح: و مضي نحوه (٩٦٥)

বাংলা

১৪৮০। সা'দ (রাঃ) এর এক পুত্রের সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার আব্বা আমাকে বলতে শুনলেনঃ "হে আল্লাহ! আমি আপনার কাছে জান্নাত, তার সমস্ত নিয়ামাত ও আনন্দদায়ক বস্তু চাই এবং ইত্যাদি ইত্যাদি। আপনার কাছে আশ্রয় চাই জাহান্নামের আগুন হতে ও তথাকার শক্ত শিকল ও হাতকড়া বেড়ী হতে, এবং ইত্যাদি। তিনি বললেন, হে আমার পুত্র! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ শীঘ্রই এমন জাতির আবির্ভাব হবে যারা দু'আর মধ্যে সীমালজ্মন করবে। সাবধান! তুমি তাদের অন্তর্ভূক্ত হয়ো না। তোমাকে জান্নাত দেয়া হলে সমগ্র জান্নাত ও তার যাবতীয় কল্যণকর সম্পদ্ও তোমাকে দেয়া হবে। আর যদি জাহান্নামের আগুন হতে রেহাই পাও তাহলে তথাকার যাবতীয় অমঙ্গল ও কষ্টদায়ক সব কিছু হতেই রেহাই পাবে।[1]

হাসান সহীহ : অনুরূপ গত হয়েছে (৯৬৫)।



English

Narrated Sa'd ibn AbuWaqqas:

Ibn Sa'd said: My father (Sa'd ibn AbuWaqqas) heard me say: O Allah, I ask Thee for Paradise, its blessings, its pleasure and such-and-such, and such-and-such; I seek refuge in Thee from Hell, from its chains, from its collars, and from such-and-such, and from such-and-such. He said: I heard the Messenger of Allah () say: There will be people who will exaggerate in supplication. You should not be one of them. If you are granted Paradise, you will be granted all what is good therein; if you are protected from Hell, you will be protected from what is evil therein.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : দু'আ, অনুঃ দু'আতে বাড়াবাড়ি করা নিষেধ, হাঃ ৩৮৬৪)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন